# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 MARCH 2026** **7:45—7:55**

---

(১) আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে ক্ষমতাসীন বিজেপি এবং বিরোধী কংগ্রেস দলের ভোটদাতাদের আকর্ষিত করার জন্যে অভিযান/

(২) জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলায় মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত'র ব্যাংক অ্যাকাউন্ট খুলে দেবার জন্যে আদালতের নির্দেশ/

(৩) রাজ্যসরকারের উদ্যোগে আজ শিলচরে পূরবী দুগ্ধ প্রক্রিয়াকরণ কারখানার উদ্বোধন/

এবং

(৪) রাজ্যের খেলোয়াড়দের প্রশিক্ষণ প্রদানের জন্য আসাম সরকারের পাঁচজন জাপানি প্রশিক্ষক নিয়োগ/

---

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে শাসক দল বিজেপি , বিরোধী কংগ্রেস দল সহ অন্যান্য দলসমুহ নির্বাচনী প্রস্তুতি অব্যাহত রেখেছে ।বিধানসভা নির্বাচনের দিন এখনো ঘোষণা করা হয়নি তবুও রাজনৈতিক দলগুলি ভোটদাতাদের মন জয় করার প্রয়াস চালিয়ে যাচ্ছে ।বিজেপর শুরু করা জন আশীর্বাদ যাত্রার আজ তৃতীয় দিনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গহপুরে আয়োজিত কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।এরপর তিনি বিহুপুরীয়ায় জন আশীর্বাদ যাত্রায় অংশ নেন ।এছাড়া আজ রঙানদী এবং নাওবৈচায় জন আশীর্বাদ যাত্রার আয়োজন করা হয় । বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া , মন্ত্রী অশোক সিংহল বেশ কয়েকজন নেতা মন্ত্রী এই জন আশীর্বাদ যাত্রায় অংশগ্রহণ করেন ।

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস দলও নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে পরিবর্তন যাত্রা শীর্ষক জনসম্পর্ক কার্যসূচী গ্রহণ করেছে । আসাম প্রদেশ কংগ্রেস সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ আজ তিনশুকিয়ায় এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।তিনি নেতাজি সুভাষ চন্দ্র বসু , পিয়লি ফুকন ,এবং সুধাকণ্ঠ ভূপেন হাজারিকার প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।সাংসদ শ্রী গগৈর সঙ্গে বেশ কয়েকজন প্রবীন নেতা এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------

আসামের তিনটি রাজ্যসভা আসনের জন্য আগামী ১৬ই মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে । রাজ্যসভা নির্বাচনের জন্য শাসক-বিরোধী উভয় পক্ষই মনোনয়ন পত্র সংগ্রহ করেছে । বিজেপির রামেশ্বর তেলী, যোগেন মহন, তেরস গোয়ালা, তপন গগৈ, পুলক গোঁহাই এবং দিপ্লুরঞ্জন শর্মার নামে ইতিমধ্যে ছ'টি মনোনয়ন পত্র সংগ্রহ করা হয়েছে । এদিকে ইউ পি পি এল'এর প্রধান প্রমোদ বড়ো এবং এ আই ইউ ডি এফ'এর প্রধান বদর উদ্দিন আজমলের নামে মনোনয়ন পত্র সংগ্রহ করা হয়েছে । উল্লেখ্য- আগামী পাঁচ-ই মার্চ মনোনয়ন পত্র দাখিলের অন্তিম দিন ধার্য করা হয়েছে।

-----------------------------------------------------------------------------------

কামরূপ মহানগর জেলার জেলা ও সেশন আদালত জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলার মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত'র বাজেয়াপ্ত করা ব্যাংক অ্যাকাউন্ট পুনরায় চালু করে দেওয়ার নির্দেশ দিয়েছে । আজ ওই মামলার শুনানি গ্রহণ করে আদালত এই নির্দেশ দিয়েছে । ব্যাংক অ্যাকাউন্টটি জব্দ করার সময় তদন্তকারী সংস্থা ভারতীয় ন্যায় সংহিতার ১০৭ নম্বর ধারা লংঘন করার পরিপ্রেক্ষিতে আদালত অভিযুক্ত ব্যক্তির ব্যাংক অ্যাকাউন্ট খুলে দেবার নির্দেশ দিয়েছে । অনুরূপভাবে আদালত আজ শর্তসাপেক্ষে মামলাটির অপর এক অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার জব্দ করা ফ্ল্যাটটি খুলে দেবার নির্দেশ দিয়েছে । তবে ফ্ল্যাটটি খুলে দেবার জন্য সিদ্ধার্থ শর্মাকে আদালতে ১৬ লক্ষ টাকার ব্যাংক গ্যারেন্টি জমা দিতে হবে । এদিকে সিঙ্গাপুরে চলতে থাকা মামলার যাবতীয় নথিপত্র চেয়ে অভিযুক্ত পক্ষের দাখিল করা আবেদন আদালত খারিজ করেছে ।

আসাম সরকারের হয়ে মামলাটির প্রতিনিধিত্ব করা বিশেষ পাবলিক প্রসিকিউটর জিয়াউল কামার জানিয়েছেন যে- সিঙ্গাপুর পর্যন্ত গিয়ে তদন্তকারী দলটির লাভ করা সব তথ্য ইতিমধ্যে আদালতে দাখিল করা হয়েছে । তাই অভিযুক্ত পক্ষ ইচ্ছা করলেই সি

তথ্যসমূহ দেখতে পারবে বলে আজ আদালতের নির্দেশে উল্লেখ করা হয়েছে । আগামী ১৯শে মার্চ অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ আরোপ সম্পর্কে শুনানি অনুষ্ঠিত হবে বলে ওই আইনজীবি জানিয়েছেন । আজকের শুনানি সম্পর্কে বিশেষ পাবলিক প্রসিকিউটর জিয়াউল কামার একথা জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

নাগালেন্ড বিধানসভার বাজেট অধিবেশনের প্রথম পর্যায় আজ আরম্ভ হয়েছে । জাতীয় গান বন্দেমাতরম এবং জাতীয় সঙ্গীত জন-গন-মন পরিবেশনের মাধ্যমে অধিবেশনের কাজকর্ম শুরু করা হয় । অধিবেশনের শুরুতে উদ্বোধনী ভাষণে রাজ্যপাল অজয় কুমার ভাল্লা ২০৪৭ সালের বিকশিত ভারত যাত্রার সক্রিয় অংশীদার হওয়ার ক্ষেত্রে রাজ্যটির গ্রহণ করা ভূমিকার বিষয়ে উল্লেখ করেন ।তিনি বলেন যে সরকার নাগালেন্ডকে ২০৪৭ সালের মধ্যে বিকশিত রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করেছে ।তিনি নাগা রাজনৈতিক সমস্যার শান্তিপূর্ণ সমাধানের ওপর আলোকপাত করেন ।এই অধিবেশন ১২ ই মার্চ পর্যন্ত চলবে । অধিবেশনে পাঁচটি বৈঠক অনুষ্ঠিত হবে । উল্লেখ্য কেন্দ্র রাজ্য ও ইষ্টার্ন নাগালেন্ড পিপলস অর্গেনাইজেশনের মধ্যে নাগালেন্ড সীমান্ত আঞ্চলিক কর্তৃপক্ষ সম্পর্কে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষর হওয়ার পর প্রথমবারের মতো বাজেট অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে এছাড়া ন্যাশনেলিষ্ট ডেমোক্রেটিক পগ্রগ্রেসিভ পার্টী এবং নাগা পিপলস ফ্রন্ট গঠনের পর এটি হচ্ছে রাজ্যের প্রথম বাজেট অধিবেশন । অধিবেশনের দ্বিতীয় পর্যায়ে রাজ্যটির মুখ্যমন্ত্রী নেইফিউ রিও ২০২৬-২৭ বর্ষের বাজেট দাখিল করবেন ।

-------------------------------------------------------------------------------------

কার্বি-আংলং জেলায় উৎপাদিত দুই মেট্রিকটন সতেজ আদা প্রথমবারের জন্য লন্ডনে রপ্তানি করা হয়েছে । আজ খানাপারার কৃষিভবন থেকে কৃষিমন্ত্রী অতুল বরা এই আদা রপ্তানি কার্যের সূচনা করে সাংবাদিকদের বলেন যে আসামের বিভিন্ন কৃষিজাত সামগ্রী বিশ্বের বাজার দখল করতে সমর্থ হয়েছে । পরবর্তী সময়ে ২০ মেট্রিকটন আদা রপ্তানির পরিকল্পনা করা হচ্ছে বলেও মন্ত্রী জানান ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শিলচর ঘুংঘুরে পূরবী দুগ্ধ প্রক্রিয়াকরন কারখানার আনুষ্ঠানিক উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্টানে

বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল বলেন যে আসামে আত্ম নির্ভর ও কৃষক কেন্দ্রিক দুগ্ধ ব্যবস্থার লক্ষ্যে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার স্বপ্ন পূরনের এক গুরুত্বপূর্ন

পদক্ষেপ । এখান থেকে গ্রাহকরা স্বাস্থ্যসম্মত ও মান সম্মত দুধ পাবেন এবং স্থানীয় দুগ্ধ চাষীরা স্থায়ী আয়ের সুযোগ পাবেন ।

আজকের অনুষ্ঠানে  বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , ন্যাশনেল ডেয়ারী ডেভোলাপমেন্ট বোর্ডের নির্বাহী পরিচালক এস রঘুপতি সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়াও দুই সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও কনাদ পুরকায়স্থ , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য দুগ্ধ কেন্দ্রটি আগে পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের অধীনে ছিল । রাজ্য সরকার অসম ডেয়ারী ডেভোলাপমেন্ট প্ল্যান এর অধীনে কেন্দ্রটি সংস্কার , পুর্ন নির্মান ও পরিচালনার জন্য এন ই ডি এফ এল-কে হস্তান্তর করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ক্রীড়া ক্ষেত্রের উন্নয়নের জন্যে গ্রহণ করা পদক্ষেপের অংশ হিসেবে রাজ্য সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ জাপান ইন্টারন্যাশনেল এজেন্সির সহযোগিতায় বিভিন্ন ক্রীড়া শাখায় পাঁচজন জাপানী প্রশিক্ষকের দ্বারা আসামের খেলোয়াড়দের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এই প্রশিক্ষকগণ দুবছর আসামে থেকে উদীয়মান খেলোয়াড়দের প্রশিক্ষণ প্রদান করবেন । এই পদক্ষেপ ক্রীড়ার বিভিন্ন ক্ষেত্রে প্রতিভা বিকশিত করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে । এই প্রশিক্ষকরা ভলিবল, বাস্কেটবল, সাঁতার, ফুটবল সহ বেশ কয়েকটি ক্রীড়া শাখায় প্রশিক্ষণ প্রদান করবেন ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বিভিন্ন প্রান্তে কয়েকদিন ধরে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে । বেশকিছু স্থানে বিভিন্ন ক্লাব, সংগঠনের উদ্যোগে ঋতুরাজ বসন্তকে স্বাগত জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । আগামীকাল দোল পূর্ণিমা । এই উপলক্ষে সমগ্র রাজ্যের বিভিন্ন প্রান্তে দোল উৎসব উপলক্ষে আনন্দমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । রাজ্যের সত্র- দৌলগুলিতে আজ সকাল থেকে পরম্পরাগত এবং ধর্মীয় রীতি-নীতি অনুযায়ী নানা কার্যসূচি পালন শুরু হয়েছে । ঐতিহ্যবাহী বড়পেটা সত্রের সঙ্গে এই জেলার সর্বত্র দোল উৎসবকে কেন্দ্র করে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । সত্র নগরী বড়পেটাতে আজ থেকে পাঁচদিনব্যাপী দোল উৎসব উদযাপন শুরু হয়েছে ।

বরাক উপত্যকার বিভিন্ন মন্দির, আখড়া, মঠে আগামীকালের দোল পূর্ণিমা উদযাপন উপলক্ষে প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় দোল উৎসবকে কেন্দ্র করে জেলাজুড়ে জোর প্রস্তুতি চলছে । জেলার প্রধান প্রধান বাজারের দোকানগুলি আবির , গুলাল ,পিচকারী ও রঙ্গিন বেলুনে ভরে উঠেছে । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে দোল উৎসব উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে পৃথক পৃথক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে হোলি উৎসব উপলক্ষে আগামী বুধবার তিন জেলায় স্থানীয় ছুটি ঘোষণা করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আগামী বুধবার তিন জেলার কেন্দ্র ও রাজ্য সরকারের সব কার্যালয় , শিক্ষা প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠানগুলি বন্ধ থাকবে । তবে চলতি মাধ্যমিক , উচ্চতর মাধ্যমিক পরীক্ষা , কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পূর্বনির্ধারিত সূচী অনুসারে যথারীতি অনুষ্ঠিত হবে । এছাড়া জরুরী পরিষেবার সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মীদের ক্ষেত্রে এই ছুটি প্রযোজ্য হবে না ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় নভেম্বর মাসের গণ বন্টনের আটা বরাদ্দ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে খাদ্য সুরক্ষার কার্ড এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের এক কিলো পাঁচশ ২৫ গ্রাম করে আটা বন্টন করা হবে । আগামী ১৫ই মার্চের মধ্যে সমবায় সমিতিগুলি থেকে আটা সংগ্রহ করতে অনুরোধ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে শ্রীভূমি জেলায়ও আগামী ১৪ই মার্চ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মুখ্য ন্যায় দন্ডাধীশ আদালত প্রাঙ্গণে লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন আপোষ মীমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । সংশ্লিষ্ট সবাইকে এই লোক আদালতের সুবিধা গ্রহণ করতে জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে অনুরোধ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------